

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 09-11-2024  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

- (১) কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ কিল্লা ব্লকের উত্তর বড়মুড়ায় রাজ্যভিত্তিক কমলা উৎসবের উদ্বোধন করেন ।
- (২) পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ বামুটিয়াতে দু'দিনব্যাপী পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করেন।
- (৩) উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর আজ জোর দিয়ে বলেছেন যে গবেষণা এবং উদ্ভাবন, একটি উন্নত দেশের লক্ষ্য অর্জনের চাবিকাঠি।
- (৪) ত্রিপুরা ও বরোদার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলাটি ড্র হয়েছে।

\*\*\*\*\*

**State level orange festivals:**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ কিল্লা ব্লকের উত্তর বড়মুড়ায় রাজ্যভিত্তিক কমলা উৎসবের উদ্বোধন করেন । কৃষিমন্ত্রী বলেন, কমলা চাষীদের কমলা চাষে আরও উৎসাহিত করতে রাজ্য সরকার বিভিন্নভাবে সাহায্য করবে । রাজ্যে কমলা চাষ কিভাবে আরও বাড়ানো যায় সে বিষয়ে উদ্যোগ নেবার জন্য কৃষিমন্ত্রী উদ্যান বিভাগের আধিকারিকদের পরামর্শ দেন ।

এই কমলা উৎসবে তিন শতাধিক কমলা চাষী অংশগ্রহণ করেছেন। এর মধ্যে দশ জন কমলা চাষীকে নানা সামগ্রী ও

উন্নত যন্ত্রপাতি প্রদান করা হয় ১ এই উৎসবে শ্রেষ্ঠ কমলা চাষীদের পুরস্কৃত করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, রঞ্জিত দাস, জিতেন্দ্র মজুমদার পাঠানলাল জমাতিয়া, অভিষেক দেবরায়, এডিসি-র মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জামাতিয়া প্রমুখ ।

\*\*\*\*\*

#### **Youth Festival-West Dist:**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ বামুটিয়া ব্লকের গান্ধীগ্রামস্থিত বৈদ্যনাথ মজুমদার কমিউনিটি হলে দু'দিনব্যাপী পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, যুব সমাজকে ক্রীড়া ও সংস্কৃতি ক্ষেত্রে অনুপ্রাণিত করতে যুব উৎসবের গুরুত্ব অপরিসীম। কেন্দ্র ও রাজ্য সরকার যুব শক্তির বিকাশে বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। শুধু গতানুগতিক পুঁথিগত শিক্ষা একটি মানুষের জীবনকে সঠিকভাবে গড়ে তুলতে পারে না। এজন্য প্রয়োজন খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চা।

দু'দিনব্যাপী জেলাভিত্তিক যুব উৎসবে পশ্চিম জেলার বিভিন্ন ব্লকের ৭০০ জন যুবক-যুবতী অংশ নিয়েছে। যুব উৎসবে ১৩টি বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী বলেন, এবছর ২৮-তম রাজ্যভিত্তিক যুব উৎসব আগামী ১৩ নভেম্বর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত ঊনকোটি জেলায় অনুষ্ঠিত হবে। আজকের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাপতি বিশ্বজিৎ শীল, বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক সিনহা প্রমুখ।

\*\*\*\*\*

**Uttarakhand Statehood Governor:**

আগরতলার রাজভবনে আজ এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্যে দিয়ে উত্তরাখন্ড রাজ্যের প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। রাজ্যপাল ইন্দ্র সেনা রেডিও নাল্লু অনুষ্ঠানের উদ্বোধন করে বলেন, আমাদের ভাষা অনেক, পোশাক অনেক তবুও আমাদের দেশ এক। রাজ্যপাল বলেন, উত্তরাখন্ডকে দেবভূমি হিসাবে আখ্যায়িত করা হয়। ঋষিকেশ, কেদারনাথ, বদ্রিনাথের মতো পবিত্র ধর্মক্ষেত্র এই রাজ্যে রয়েছে।

অনুষ্ঠানে রাজ্যে কর্মরত ও বসবাসরত উত্তরাখন্ডের অধিবাসী ১৭-১৮ জনকে রাজ্যপাল উত্তরীয় পড়িয়ে সংবর্ধনা জানান। তাদের মধ্যে ছিলেন, রাজ্য পর্যটন অধিকর্তা প্রশান্ত বাদল নেগি, এন আই টি আগরতলার নিয়ামক ডঃ আশিস বাদোলে, ওএনজিসি ত্রিপুরা এসেটের জেনারেল ম্যানেজার ভূপেন্দ্র সিং পাণ্ডেই, ওএনজিসি-র জেনারেল ম্যানেজার মেকানিক্যাল প্রেম সিং গাব্রিয়াল, ও এন জি সি- মানব সম্পদ বিভাগের চিফ ম্যানেজার চন্দা রাণা, সি আর পি এফ- এর এস আই উপেন্দ্র প্রসাদ প্রমুখ।

\*\*\*\*\*

**Sonatan dharma sanmelon Udaipur:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা আজ উদয়পুর কলেজ মাঠে সনাতন ধর্ম সম্মেলনের উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে তিনি সনাতন ধর্ম সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী বলেন, সনাতন ধর্মের প্রসারে কীর্তন কিভাবে বিশ্বব্যাপী ছড়িয়ে দেওয়া যায় সে বিষয়ে চিন্তাভাবনা করতে হবে। রাজ্য সরকারও কীর্তন সংস্কৃতিকে বাঁচিয়ে রাখার ক্ষেত্রে যথেষ্ট আন্তরিক।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার,

শান্তি কালী আশ্রমের স্বামী চিওরঞ্জন মহারাজ, শ্রী চৈতন্য গৌড়ীয় মঠের সভাপতি স্বামী বিষ্ণু গৌস্বামী মহারাজ, ইসকন পরিচালিত ব্যাঙ্গালোর থেকে আগত স্বামী সাধু মহারাজ। ধর্ম সম্মেলন শুরুর আগে সংকীর্তন সহ এক বর্নাচ্য শোভাযাত্রা উদয়পুর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*

**IOCL:**

বর্তমানে ধর্মনগরস্থিত আইওসিএল ডিপো সহ রাজ্যের বিভিন্ন মহকুমায় পেট্রোল পাম্পগুলিতে পেট্রোলের মজুতের পরিমাণ কম থাকায় আগামীকাল থেকে পেট্রোল বিক্রির ক্ষেত্রে সাময়িকভাবে রেশনিং ব্যবস্থা চালু করা হবে। খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তর থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে। আরও জানানো হয় উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের লামডিং-বদরপুর অংশে একটি মালবাহী ট্রেন লাইনচ্যুত হওয়ায় প্রায় ৪-৫ কিলোমিটার বিস্তৃত রেললাইন ক্ষতিগ্রস্ত হয়েছে। এরফলে বিগত কিছুদিন যাবৎ পেট্রোপণ্য সহ বিভিন্ন নিত্য প্রয়োজনীয় সামগ্রী বহিঃরাজ্য থেকে রেলপথে রাজ্যে আসা বন্ধ রয়েছে। ইতিমধ্যে রেলওয়ে কর্তৃপক্ষ ওই এলাকায় রেললাইন সারাইয়ের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যুদ্ধকালীন তৎপরতায় সারাইয়ের কাজ চলছে। আগামী ১৩ নভেম্বর থেকে রেললাইনের ওই অংশে পুনরায় পণ্য পরিবহণ পরিষেবা চালু করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে।

আইওসিএল কর্তৃপক্ষ বর্তমানে আসামের গুয়াহাটি, বেতকুচি, লামডিং ও শিলচর ডিপো থেকে সড়কপথে ট্যাঙ্কার ট্রাকের মাধ্যমে রাজ্যে পেট্রোল ও ডিজেল আনছে। খাদ্য দপ্তরের পক্ষ থেকে জনসাধারণকে পেট্রোলের এই সংকটকালীন পরিস্থিতিতে আতঙ্কিত হয়ে অতিরিক্ত পেট্রোপণ্য ক্রয় করা থেকে বিরত থাকতে বলা হয়েছে। এই রেশনিং ব্যবস্থার মেয়াদ রাজ্যে রেলপথে

পেট্রোপণ্য পরিবহণ পরিষেবা পুনরায় চালু না হওয়া পর্যন্ত বহাল থাকবে।

\*\*\*\*\*

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ আই আর নিউজ-এলাটস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**Vice President:**

উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর আজ জোর দিয়ে বলেছেন যে গবেষণা এবং উদ্ভাবন, একটি উন্নত দেশের লক্ষ্য অর্জনের চাবিকাঠি। আজ নতুন দিল্লিতে ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজির চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে তিনি ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন গবেষণা এবং উদ্ভাবনের ক্ষেত্রে দেশ কতটা উঁচুতে রয়েছে, তা বিশ্ব সম্প্রদায়ের কাছে তার দক্ষতাকে সংজ্ঞায়িত করে। তিনি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে উদ্ভাবন ও গবেষণার পরীক্ষাগার হিসেবে তাদের সম্ভাবনাকে কাজে লাগানোর আহ্বান জানান। শ্রী ধনখর উল্লেখযোগ্য অবদানের মাধ্যমে এই মিশনে সমর্থন করার জন্য কর্পোরেট সংস্থাগুলির প্রতিও আহ্বান জানান। তিনি বলেন যে শিক্ষায় বিনিয়োগ হল সমাজের সেবা করার সবচেয়ে প্রভাবশালী উপায় কারণ এটি মানব সম্পদকে সমৃদ্ধ

করে এবং আমাদের বর্তমান ও ভবিষ্যত উভয়কেই সুরক্ষিত করে। তিনি বলেন যে শিক্ষাকে কখনই বাণিজ্য হিসাবে দেখা উচিত নয়। অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি প্রতিষ্ঠানের মেধাবী শিক্ষার্থীদের পুরস্কৃত করেন।

\*\*\*\*\*

### **Special Train:**

ছট পূজা উদযাপনের পরে বিহার থেকে যাত্রীদের ফেরার ভিড় সামলাতে পূর্ব মধ্য রেলওয়ে আগামী ১৫ দিনে ৪৪৬টি বিশেষ ট্রেন চালাবে। দেশের বিভিন্ন শহরে ফেরত যাওয়া যাত্রীদের যাত্রার সুবিধার্থে গতকাল থেকে এই বিশেষ পরিষেবা শুরু হয়েছে। আকাশবাণীকে রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক সরস্বতী চন্দ্র বলেন, বর্ধিত চাহিদা সামলাতে গত বছরের তুলনায় এ বছর ৭০টির বেশি অতিরিক্ত ট্রেন চলছে। শ্রী চন্দ্র বলেন, স্টেশনগুলিতে সুষ্ঠুভাবে যাত্রী ভিড় ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য, পাটনা, দানাপুর, রাজেন্দ্র নগর, সমষ্টিপুর এবং অন্যান্য প্রধান স্টেশন সহ গুরুত্বপূর্ণ স্থানে হোল্ডিং এলাকা স্থাপন করেছে। তিনি বলেন, প্ল্যাটফর্মে অতিরিক্ত ভিড় রোধ এবং পদদলিত হওয়ার মতো পরিস্থিতি এড়ানোর লক্ষ্যেই এই ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, নতুন দিল্লি এবং উত্তর ভারতের আনন্দ বিহারের প্রধান স্টেশনগুলি ছাড়াও, পূর্ব মধ্য রেলওয়ে পশ্চিম ও দক্ষিণ ভারতের শহরগুলিতে ফেরত আসা যাত্রীদের জন্য বহু ট্রেন চালাচ্ছে।

\*\*\*\*\*

### **Haj Travel:**

সরকার হজ ভ্রমণকে ঝামেলামুক্ত করার জন্য বেশ কিছু সংস্কার করেছে এবং আরও ভালো সুবিধার জন্য ডিজিটাল পরিকাঠামো উল্লেখযোগ্যভাবে উন্নত করেছে। আরো বেশি নারী যাতে স্বাধীনভাবে তীর্থযাত্রা করতে পারেন এবং নিম্ন আয়ের ব্যক্তিদের

জন্য তীর্থযাত্রার সুবিধার্থে এইসব ব্যবস্থা করা হয়েছে। ২০২৪ সালের হজের জন্য ভারত থেকে মোট ১ লক্ষ ৭৫ হাজারেরও বেশি তীর্থযাত্রীর কোটার জন্য এই বছরের জানুয়ারিতে একটি দ্বিপাক্ষিক হজ চুক্তি স্বাক্ষরিত হয়েছিল এবং ভারতের হজ কমিটির মাধ্যমে ভ্রমণকারীদের জন্য প্রায় ১ লক্ষ ৪০ হাজার আসন সংরক্ষিত ছিল। এই বছর, কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক প্রায় ১ লক্ষ ৭৫ হাজারেরও বেশি তীর্থযাত্রীর জন্য ব্যাপক চিকিৎসা পরিষেবা প্রদান করেছে, যার মধ্যে ৬০ বছর বা তার বেশি বয়সী প্রায় ৪০ হাজার বয়স্ক ব্যক্তি ছিলেন।

\*\*\*\*\*

#### **Lok Adalat:**

বিশেষ লোক আদালতে আজ একদিনে ১৪ হাজার ২২৩টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী সাংবাদিকদের জানিয়েছেন, আজ রাজ্যের সমস্ত জেলা ও মহকুমা আদালত চত্বরে বিশেষ লোক আদালতের ২৪টি বেঞ্চ বসে। সন্ধ্যা পর্যন্ত লোক আদালতে নিষ্পত্তির প্রক্রিয়া চলে বলে তিনি জানান।

\*\*\*\*\*

#### **Lok-Adadat /Kailashahar:**

"সবার জন্য ন্যায়" এই ভাবনায় ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ অনুষ্ঠিত হয় বিশেষ লোক-আদালত। কৈলাশহর আদালত চত্বরে দুইজন প্রিসাইডিং অফিসারের তত্ত্বাবধানে মোট দু'টি আদালত বসে। প্রিসাইডিং অফিসার হিসাবে ছিলেন ঊনকোটি জেলার মুখ্য ন্যায়ধীশ দীপা ভট্টাচার্য ও প্রথম শ্রেণীর বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট সুস্মিতা দাশ।

আজ লোক-আদালতে মোট ৭১৬ টি মামলা উত্থাপিত হয়। এরমধ্যে ছিল, ত্রিপুরা পুলিশ আইনের নিষ্পত্তিযোগ্য মামলা, মোটর ভেহিক্যাল বিষয়ক মামলা, আবগারি শুল্ক ও তীর-জুয়া

বিষয়ের লঘু মামলা ইত্যাদি। আজ সর্বমোট ৩৫৭ টি মামলার নিষ্পত্তি হয়েছে। জরিমানা বাবদ আদায় হয়েছে ৯২ হাজার ৯০০ টাকা।

\*\*\*\*\*

#### **TSR:**

ঝাড়খন্ড বিধানসভা নির্বাচনে নিরাপত্তার কাজে রাজ্য থেকে ৬ কোম্পানি টি এস আর জওয়ানকে পাঠানো হয়েছে। টি এস আর এর আই জি কেরি মারাক আকাশবাণীকে জানান মোট ৪৫০ জন জওয়ান কে দুই পর্যায়ে ঝাড়খন্ড পাঠানো হয়েছে। উল্লেখ্য আগামী তেরই এবং ২০শে নভেম্বর দুই পর্যায়ে ঝাড়খন্ড বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

#### **Talk show:**

বাবা সাহেব ডঃ বি আর আশ্বেদকরের চিন্তাভাবনা থেকেই বর্তমান সময়ে সমস্ত ক্ষেত্রে মহিলাদের তেত্রিশ শতাংশ সংরক্ষণ চালু হয়েছে। আশ্বেদকর এর চিন্তাভাবনার বলেছেন করছে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার। আজ আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের সাপ্তাহিক আলোচনায় 'আশ্বেদকর' প্রসঙ্গে বলতে গিয়ে এমনটাই বীর বিক্রম মহাবিদ্যালয় এর অধ্যক্ষ রতন দেব একথা বলেন। তিনি বলেন ডঃ বি আর আশ্বেদকর এমনই এক ব্যক্তি যাকে শ্রদ্ধা জানাতে তার জীবনের সঙ্গে জড়িত পাঁচটি স্থানকে পঞ্চতীর্থ হিসেবে মর্যাদা দেওয়া হয়েছে। সামাজিক, আর্থিক, রাজনৈতিক, ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে সকল ছাত্র যুব সমাজকে আশ্বেদকরের ভাবধারায় এগিয়ে চলার আহ্বান জানান তিনি।

\*\*\*\*\*

#### **Woa Utsav:**

দু'দিনব্যাপী ২১তম রাজ্যভিত্তিক ওয়া উৎসব আগামীকাল থেকে সাব্বরুম মহকুমার রূপাইছড়ি ব্লকের চালিতা বনকুল বি বি উচ্চবিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, মগ সোসিও কালচারেল অর্গানাইজেশন এবং সাব্বরুম মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করবেন সাংসদ কৃতী দেবী দেববর্মা। উৎসব উপলক্ষে ১১ নভেম্বর মগ ভাষার বিকাশ ও মগ সংস্কৃতি নিয়ে এক আলোচনাচক্র ও কর্মশালা অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

#### **Holy Cross College:**

আগরতলার হলিক্রস কলেজে আজ ত্রয়োদশ সমাবর্তন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। লেশুছড়ার যুবতারা ক্যাম্পাসে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন কলেজের প্রিন্সিপাল রেভারেণ্ড ফাদার ড. বেনি কে. জন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গঙ্গা প্রসাদ প্রসেইন।

\*\*\*\*\*

#### **Ranji Trophy:**

ত্রিপুরা ও বরোদার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলাটি ড্র হয়েছে। এ ম্যাচে প্রথম ইনিংসে লিড নেয়ায় রাজ্যদল ৩ ও বরোদা ১ পয়েন্ট পায়। এম বি বি স্টেডিয়ামে আজ বিনা উইকেটে ৩৭ রান থেকে চতুর্থ তথা শেষ দিনে খেলতে নেমে সফরকারী বরোদা দ্বিতীয় ইনিংসে খেলার শেষ পর্যন্ত ৪ উইকেট হারিয়ে ২৪১ রান সংগ্রহ করলে ম্যাচ ড্র হয়। উল্লেখ্য, বরোদার প্রথম ইনিংসের ২৩৫ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ৭ উইকেটে ৪৮২ রানে সমাপ্তির ঘোষণা দিয়েছিল।

\*\*\*\*\*

#### **Naidu Trophy:**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে স্বাগতিক চন্ডিগড় প্রথম ইনিংসে লিড নেয়ার জন্য লড়াই করেছে। চন্ডিগড়ের মহাজন ক্রিকেট মাঠে আজ প্রথম ইনিংসে খেলতে নেমে দ্বিতীয় দিনের শেষে চন্ডিগড় ৮ উইকেট হারিয়ে ২০৩ রান সংগ্রহ করে। এর আগে প্রথম দিনে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২১৬ রান করেছিল।

\*\*\*\*\*

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। ভোরের দিকে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক আট ডিগ্রী এবং সর্বনিম্ন কুড়ি দশমিক চার ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*